
৭০ P 77 1000Rs.



W.B.R.R

FEES PAID

A 229.50
N 1.20
230.70

R. fee Rs 3/- in C.S.

Harikikash Chatterjee

Sub-Registrar, Alipore
24-Parganas
9.1.81

Permission is granted by ~~C.A.~~
~~1st L.A.~~ Collector, S.D.O. Alipur
Vide No. 318/80 dt. 29.5.80

মং ২৪,০০০.০০ চব্বিশ হাজার টাকায় সাফ

বিক্রয় কোবালা দলিল :-

***********************************

কোবালা গ্রহীতা :-

**************


১) শ্রী ফণী ভূষণ দাস ,
পিতা ৺ রজনী কান্ত দাস ,
২) শ্রীমতী শেফালী রাণী দাস,
স্বামী শ্রী ফণী ভূষণ দাস ,
৩) শ্রী মিহির কুমার দাস ,
পিতা শ্রী ফণী ভূষণ দাস
জাতি হিন্দু , পেশা
, সাং ই১১নং
রামগড় কলোনী , থানা যাদবপুর
কলিকাতা ৪৫ ।

কোবালা দাতা :-

************

শ্রী হরি বিকাশ চট্টোপাধ্যায়
পিতা মৃত হরি চরণ চট্টোপাধ্যায় ,
জাতি হিন্দু
পেশা চাকুরী ,
সাং বৈষ্ণবঘাটা কেন্দুয়া
থানা যাদবপুর ,
জেলা ২৪ পরগণা ,
শহর কলিকাতা :-

750Rs.






কম্য কমবেশ ৬ ছয়কাঠা ৩ তিন ছটাক ২৩ তেইশ স্কোয়ার ফিট জমিজমা যায় উক্ত জমির উপর ইটের দেওয়াল যুক্ত এ্যাসবেষ্টারের ছাউনী যুক্ত দুইখানা ঘর যায় সাজপাট সমেত ও সর্ব্ব প্রকার ইজমেন্ট সুত্বাদী সমেত দরবস্তু হক্ হকুক সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা ২৪ পরগণা , পরগণে খাসপুর , থানা সাবেক সদর টালীগঞ্জ হাল যাদবপুর সব রেজিষ্ট্রী আফিস আলিপুর অন্তর্গত অত্র জেলা কালেকটারীর ২৫৫ নং তৌজির বর্ত্তমান মালেক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগণা কালেকটার বাহাদুর অধীন রে: সা: নং ৩৮ , জে: এল: নং ২৮ , মৌজা বৈষ্ণবঘাটা গ্রামে রায়ত দখলি নিষ্কর স্বত্বের ৪৬৮ নং খতিয়ান ভুক্ত ৭২০ নং দাগে . ৪২ শতক বাস্তু জমির মালিক দখলিকার আমি দলিল দাতা আমার পিতা অধুনা মৃত হরি চরণ চট্টোপাধ্যায় মহাশয় থাকেন । তাহার






জিবীত থাকা অবস্থায় উক্ত ভূম্যাদী সহ অপরাপর দাগের ভূম্যাদী ইমারতাদী থাকা অবস্থায় উক্ত ভূম্যাদী সহ অপরাপর দাগের ভূম্যাদী গৃহাদী ইমারতাদী তাহারচার পুত্র যথাক্রমে ১) হরি প্রকাশ , ২) হরি বিকাশ অত্র দলিলের দাতা ৩) হরি প্রসাদ ও ৪) হরি প্রতাপ চট্টোপাধ্যায় ও এক স্ত্রী শ্রীমতী পারুল বালা চট্টোপাধ্যায় কে আমাদিগকে পৃথক পৃথক নির্দ্দিষ্ট চিহ্নিত ভাবে পারিবারিক ব্যাবস্থা পত্র বা ডিড্ অফ্ সেটেলমেন্ট দলিল লিখিয়া সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দেন । উক্ত সেটেলমেন্ট দলিলখানি মোকাম আলিপুর সাব রেজিষ্ট্রী আফিসের রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ৮৮ নং ভল্যুমের ২৭০ - ২৮৩ নং পাতায় লিপিবদ্ধ ইং ১৯৭১ সালের ৪৪৭৭ নং ডিড্ অফ্ সেটেলমেন্ট দলিল হইতেছে । আমি দলিল দাতা উক্ত ৭২০ নং দাগের জমি হইতে নিম্নের তপশীল বর্ণিত ভূমি আমার নাম বরাবর উক্ত সেটেলমেন্ট দলিলে উল্লেখ থাকে । আমার পিতার অনুমতি লইয়া পিতার দিয়ত জমির উপর ইটের দেওয়াল যুক্ত টালির ছাউনি বিশিষ্ট ঘর তৈয়ারী করিয়া বসবাস করিতে থাকি । আমার পিতা ইং ১৯৭৮ সালে পরলোক গমন করিলে পর পিতার দিয়ত নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তি ডিড্ অফ্ সেটেলমেন্টের লিখিত অনুযায়ী একক ষোল আনা নির্ব্যূঢ়

10 Rs.






স্বত্বের মালিক দখলিকার হই এবং সর্ব্ব প্রকার হস্তান্তর করিবার ক্ষমতা বর্ত্তাইয়াছে ।

আমি দলিল দাতা নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তিতে অন্যের বিনা স্বত্ব সংশ্রবে নিজ স্বত্ব পরিচালনে নির্ব্বিঘ্নে ভোগ দখল বসবাস ক্রমে মালিক দখলিকার থাকি ও আছি ।

একণে আমি দলিল দাতা আমার ইমারৎ প্রস্তুত কxxxxxx করার জন্য নগদ টাকার একান্ত আবশ্যক হওয়ায় নিম্নের তপশীল বর্ণিত ৬ কাঠা ৩ ছটাক ২৩ স্কোয়ার ফুট জমি মায় তদ্‌পরিস্থিত গৃহাদী সাজপাট সমেত বিক্রয়ের ঘোষণা করিলে পর আপনারা অত্র দলিল গ্রহীতা তাহা অবগত হইয়া স্থায়ী ভাবে বসবাস করার জন্য নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তি বেলমোক্তা মবলগে ২৪,০০০.০০ চব্বিশ হাজার টাকা পণ বা মূল্য প্রদানে খরিদ করিতে ইচ্ছুক হইলে পর আমি দলিল দাতা আপনাদের প্রস্তাবিত উক্ত মূল্যে আপনাদের নিকট বিক্রয় করিতে রাজী থাকিয়া অদ্য তারিখে আমি দলিল দাতা আপনাদের নিকট হইতে পণ মূল্যের সমুদয় ২৪,০০০ চব্বিশ হাজার টাকা নিম্নের জায় গ্রহণ করিয়া অত্র সাফ বিক্রয় কোবালা দলিল আপনাদের নাম বরাবর লিখিয়া দিয়া স্বীকার অঙ্গীকার প্রকাশ ও প্রচার করিতেছি যে বিক্রীত উক্ত ও নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার যে কিছু স্বত্ব স্বামিত্ব , স্বার্থ




Harishikesh Chatterjee



স্বত্ত্ব, দখল, অধিকার, হক্, হকিয়ৎ, দাবী, দাওয়া প্রভৃতি ছিল বা আছে তাহা অত্র কোবালা বলে আমারহইতে চিরকালের জন্য ধ্বংশ ও বিলুপ্ত হইয়া হইয়া অত্র দলিল গ্রহীতা আপনাদিগেতে সর্ব্বতোভাবে বর্ত্তিল। আপনারা অদ্য হইতে উক্ত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্ত্বে স্বত্ত্ববান ও দখলে দখলিকার হইয়া হাল মালেক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগণা কালেক্টার বাহাদুর সদর সরকারে ও স্থানীয় মিউনিসিপ্যালিটীতে আমার নামের স্থলে আপনাদের নাম পত্তন ক্রমে খাজনা ও ট্যাক্সাদী আদায়ে পুত্র, পৌত্রাদী, ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণ ক্রমে পরম সুখে দান, বিক্রয়, বন্ধক ইত্যাদীর যাবতীয় হস্তান্তরের ক্ষমতাযুক্তে ও সর্ব্ববিধ অবস্থান্তর ও গৃহাদী ইমারতাদী প্রস্তুত করত: রূপান্তর করনের ক্ষমতাযুক্তে যদৃচ্ছাভাবে ষোল আনা মালিক স্বরূপে ভোগ দখল বসবাস করিতে থাকুন ও থাকিবেন। তাহাতে আমি বা আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণ কেহ কখনও কোন প্রকার ওজর, আপত্তি, দাবী, দাওয়া করিতে পারিব না ও পারিবেক না, করিলেও তাহা সর্ব্বদা সর্ব্বপ্রকার আদালতে সর্ব্বতোভাবে বাতিল ও নামঞ্জুর হইবেক।

এতদ্দ্বারা আরোও স্বীকার করিতেছি যে বিক্রীত সম্পত্তির উপ কোনরূপ বন্ধক, মর্টগেজ চার্জ্জ লিয়েন বা দায় নাই কিম্বা আমি উহা বা উহার কোন অংশ কখনও কাহাকেও দান, বিক্রয় বন্ধক ইত্যাদীর দ্বারা কোনপ্রকার

হস্তান্তর করি নাই বা উহা কাহারও জামানতে অথবা কোন আদালত হইতে কোন প্রকার ক্রোকাদীর দ্বারা আবদ্ধ নাই বা উক্ত সম্পত্তি সম্বন্ধে কোন আদালতে কোনরূপ নালিশ বা মোকর্দ্দমা দায়ের নাই বা উহার সম্বন্ধে অপর কোন বিক্রয়ের চুক্তি করি নাই বা কোনরূপ চুক্তি বলবৎ নাই বা উহা কোন প্রকার দেব-সেবাতে বা কোন প্রকার ট্রাষ্টে অর্পিত নাই বা উক্ত সম্পত্তি সম্বন্ধে কোন প্রকার মেয়াদী বা বেমেয়াদী প্রজাবিলি বা কোন প্রকার বিলি বন্দোবস্ত নাই বা উক্ত সম্পত্তিতে আমার অপর কোন সরীক নাই বা উহাতে অপর কাহারো কোনরূপ স্বত্ত, স্বার্থ, দাবী বা সংশ্রব নাই, আমি উক্ত সম্পত্তির ষোল আনা মালিক হইতেছি ও উহা আমার ষোল আনা খাস দখলে থাকা অবস্থায় আপনার নিকট নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তি হইতে চিরকালের জন্য নি:স্বত্ত্ব ও দখলচ্যুত হইয়া আপনাদিগকে ষোল আনা খাস দখল দিলাম। যদি আমার উপরি উক্ত উক্তি সমূহের মধ্যে কোন একটী উক্তি মিথ্যা, তঞ্চকী বা বিপরীত বলিয়া প্রকাশ পায় তাহা হইলে আমি মাফিক আইন আমলে আসিব ও তৎ সেওয়ায় আপনাদের যাহা কিছু ক্ষতি খেসারৎ হইবে তৎসমুদয় মায় সুদ সহ এককালীন পূরণ করিতে বাধ্য রহিলাম। আরও প্রকাশ থাকে যে অত্র দলিলে যদি কোন ভুল, ভ্রান্তি থাকা প্রকাশ পায় তাহা হইলে আমি আপনাদের তলবমত আপনাদের খরচায় উক্ত ভুল ভ্রান্তির জন্য অপর যে কোন প্রকারের দলিল আবশ্যক হইবে তাহাও সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য রহিলাম।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে, স্বেচ্ছায়, সুজ্ঞানে অত্র বিক্রয় কোবালা দলিল খানি দলিল গ্রহীতাদের নাম বরাবর লিখাইয়া তাহা পাঠ করত: মর্ম্ম সম্যক অবগত হইয়া এবং পণ মূল্যের সমুদয় টাকা নিম্নের জায়মত গ্রহণ করিয়া অত্র বিক্রয় কোবালা দলিল সহি সম্পাদন করিলাম। ইতি তারিখ বাংলা ১৩৮৭ সালের ২৫শে পৌষ। ইংরাজী ১৯৮১ সালের ৩ রা জানুয়ারী।

তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় :-

- - - - - - - - - - - - - - - - -

জেলা ২৪ পরগণা , পরগণে খাসপুর , থানা যাদবপুর , সব রেজেষ্ট্রী আফিস আলিপুর অন্তর্গত অত্র জেলা কালেকটারীর মহাল ২৫৫ দুই শত পঞ্চান্ন নং তৌজি ভুক্ত রে: সা: নং ৩৮ , জে: এল: নং ২৮ , মৌজা বৈষ্ণবঘাটা গ্রামে রায়ত দখলি নিস্কর স্বত্বের ৪৬৮ চারি শত আটষট্টি নং খতিয়ান ভুক্ত ৭২০ সাত শত কুড়ি নম্বর দাগে কমবেশ ৬ ছয় কাঠা ৩ তিন ছটাক ২৩ তেইশ স্কোয়ার ফিট জমি মায় উক্ত জমির উপর ইটের দেওয়াল যুক্ত এ্যাসবেষ্টরস্ এর ছাউনী যুক্ত দুইখানা ঘর মায় সাজপাট সমেত ও সর্ব্বপ্রকার ইজমেন্ট স্বত্বাদী সহ অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে । তাহার মালিক জমিদার পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগণা কালেকটার বাহাদুর হইতেছেন ।

বিক্রীত ভুমির চৌহদ্দি :-

- - - - - - - - - - - - - -

উত্তর :- গভর্ণমেন্ট প্লট ।

দক্ষিন :- দলিল দাতার জমি ।

পুর্ব্ব :- ১২ ' ফুট প্রশস্থ কমন প্যাসেজ ।

পশ্চিমে :- গভর্ণমেন্ট প্লট ।

তপশীল টাকার জায় :-

- - - - - - - - - - - -

Harishikesh Chatterjee

( ৮ )

তপশীল টাকার জায় :-

- - - - - - - - - - - - - -

ইউনাইটেড্ ব্যাঙ্ক অফ্ ইন্ডিয়া গাঙ্গুলী বাগান

ব্রাঞ্চ পে - অর্ডার ১ কেতা ৪৭৪৫৫৭ নং

তারিখ ৮.১.১৯৮১ মূলে লওয়া :- ২৪০০০.০০ টাকা

* * * * * * * * * * * * * * * * * * * *

মোট :- ২৪,০০০.০০ টাকা

Harishikesh Chatterjee.

মবলগে চব্বিশ হাজার টাকা মাত্র ।

ইসাদী :-

১। Hari [illegible] Chatterjee
Baisnab Ghata, Kandulia.

Hari Pratap Chatterjee.
Baisnab Ghata - Kandulia.

টাইপকারক :-

আলিপুর পুলিশ কোর্ট

কলিকাতা ২৭ ।

Regd.

IV-180
0-50
2-30

Book No. I
Volume no. 142
Pages 33 to 45
Being No. 77
For the year 19 80.

18.1.81

16.7.81